

কন্টেন্ট সম্পর্কে

প্রারম্ভিক স্তরের শিক্ষার্থীদের পঠন দক্ষতা উন্নয়নের কথা বিবেচনা করে সেভ দ্য চিলড্রেন বাংলাদেশ এর “রিড” প্রকল্প তৈরী করেছে “পাঠ্যবইভিত্তিক ই-কন্টেন্ট”। এই কন্টেন্ট প্রথম, দ্বিতীয়, তৃতীয় শ্রেণির শিক্ষার্থী ও সমমানের শিশুদের পঠন দক্ষতা উন্নয়নের ক্ষেত্রে ব্যবহারযোগ্য।

মূলত “পাঠ্যবইভিত্তিক ই-কন্টেন্ট” একটি ওয়েবভিত্তিক অ্যাপ্লিকেশান, যা ব্যবহারকারীরা স্মার্টফোন, ট্যাবলেট পিসি, ডেস্কটপ ও ল্যাপটপে চালাতে সক্ষম হবেন।

শিক্ষাবিজ্ঞানগত আঙ্গিক থেকে অ্যাপ্লিকেশানটি সম্পূর্ণরূপে শিশুতোষ। তাছাড়া, ডিজিটাল কন্টেন্ট প্রস্তুতকরণে পাঠ্যপুস্তকে অনুসৃত বিষয়বস্তুর ধারাবাহিকতা ও শিক্ষাক্রমে উল্লেখিত শিখনফল অনুসরণ করা হয়েছে। শ্রেণিকক্ষের বাইরেও এটি প্রারম্ভিক স্তরের শিশুদের পঠন দক্ষতা উন্নয়নে ব্যবহৃত হতে পারে। এই অ্যাপ্লিকেশানে পঠন দক্ষতা উন্নয়নের ক্ষেত্রে বিবেচ্য পাঁচটি উপাদানের উপর গুরুত্ব দেয়া হয়েছে। উপাদানগুলো হচ্ছে:

১। ধ্বনিসচেতনতা, ২। বর্ণজ্ঞান, ৩। শব্দভাণ্ডার, ৪। বোধগম্যতা, ৫। সাবলীলতা

রিড প্রস্তুতকৃত ই-কন্টেন্টের বৈশিষ্ট্য:

- শিক্ষাবিজ্ঞানগত আঙ্গিক থেকে কন্টেন্টগুলো সম্পূর্ণরূপে প্রারম্ভিক শ্রেণির শিক্ষার্থীদের উপযোগী।
- কন্টেন্টগুলো পাঠভিত্তিক নয়, বরং বিষয়ভিত্তিক। যেমন: বর্ণ শেখানোর জন্য পাঠ্যবইয়ের অনেকগুলো পাঠ আছে, কিন্তু এখানে সকল বর্ণের জন্য একটি কন্টেন্ট তৈরি করা হয়েছে।
- কন্টেন্টগুলো মূলত ওয়েবভিত্তিক, তবে তা অফলাইনে ব্যবহারউপযোগী।
- কন্টেন্টগুলো পরিচিত ও সর্বাধিক ব্যবহৃত যে কোন আইসিটি উপকরণ, যেমন: ডেস্কটপ, ল্যাপটপ, ট্যাব ও মোবাইলে খুব সহজে ব্যবহার করা যায়।
- সকল একক কন্টেন্টের সমন্বয়ে একটি অ্যাপ্লিকেশানও তৈরি করা হয়েছে, যা অ্যান্ড্রয়েডভিত্তিক যে কোন আইসিটি উপকরণে ব্যবহার করা যাবে।
- প্রতিটি কন্টেন্টে এক বা একাধিক গেম সংযুক্ত করা হয়েছে। এই গেমগুলো একদিকে যেমন আনন্দদায়ক, অন্যদিকে শিক্ষার্থীদের শিখন চর্চার ক্ষেত্রে খুবই কার্যকর।

কন্টেন্টগুলো প্রস্তুতকরণের নেপথ্যে যারা ছিলেন:

সার্বিক সমন্বয় - আকলিমা শরমিন

কারিগরি পরামর্শ ও সহায়তা -

- মো. ইয়াসিন আরাফাত
- রবিন মেহেদী
- আব্দুল্লাহ-আল-ফার্সিদ

ই-কন্টেন্ট প্রস্তুত- মাল্টিমিডিয়া কন্টেন্ট ও কমিউনিকেশন (এমসিসি)